# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৭৪০

৮/ সাওম (রোজা) (كتاب الصوم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ জুমু‘আর দিনের সিয়াম পালন।

باب مَا جَاءَ فِي صَوْمِ يَوْمِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ دِينَارٍ، حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُوسَى، وَطَلْقُ بْنُ غَنَّامٍ، عَنْ شَيْبَانَ، عَنْ عَاصِمٍ، عَنْ زِرٍّ، عَنْ عَبْدِ اللَّهِ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَصُومُ مِنْ غُرَّةِ كُلِّ شَهْرٍ ثَلاَثَةَ أَيَّامٍ وَقَلَّمَا كَانَ يُفْطِرُ يَوْمَ الْجُمُعَةِ . قَالَ وَفِي الْبَابِ عَنِ ابْنِ عُمَرَ وَأَبِي هُرَيْرَةَ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عَبْدِ اللَّهِ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ . وَقَدِ اسْتَحَبَّ قَوْمٌ مِنْ أَهْلِ الْعِلْمِ صِيَامَ يَوْمِ الْجُمُعَةِ وَإِنَّمَا يُكْرَهُ أَنْ يَصُومَ يَوْمَ الْجُمُعَةِ لاَ يَصُومُ قَبْلَهُ وَلاَ بَعْدَهُ . قَالَ وَرَوَى شُعْبَةُ عَنْ عَاصِمٍ هَذَا الْحَدِيثَ وَلَمْ يَرْفَعْهُ .

বাংলা

৭৪০. কাসিম ইবনু দ্বীনার (রহঃ) ..... আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রত্যেক মাসের শুরুতে তিন দিন সিয়াম পালন করতেন। আর জুমুআর দিন খুব কমই তিনি সিয়াম ছাড়া অতিবাহিত করতেন। - তাখরীজুল মিশকাত ২০৫৮, তা’লীক আলা ইবনু খুজাইমা ২১৪৯, সহিহ আবু দাউদ ২১১৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৭৪২ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে ইবনু উমার ও আবূ হুরায়রা (রাঃ) থেকে হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, আবদুল্লাহ (রাঃ) বর্ণিত হাদীসটি হাসান-গরীব। আলিমগণের এক দল জুমুআ বারের সিয়াম পালন মুস্তাহাব বলে অভিহিত দিয়েছেন। তবে জুমুআর আগের বা পর দিনের সিয়াম পালন না করে কেবল জুমুআর দিনের সিয়াম মাকরূহ। শু’বা (রহঃ)ও এই হাদীসটি আসিম (রহঃ) এর বরাতে বর্ণনা করেছেন। তবে এটিকে মারফূ’ হিসাবে উল্লেখ করেননি।

## English

Abdullah narrated:
"The Messenger of Allah would fasting during the beginning of every month

for three days, and Friday was the least of the days that he did not fast."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্‌ন মাসউদ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17929

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন